# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
## বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৬.০৫.০০০০.১০১.১১.০৬৭.২৩.১৪৯২ | তারিখ: ১০.০৯.২০২৩ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা- হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন "মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম- ৬ষ্ঠ পর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন (ডিসেম্বর ২০২৫ পর্যন্ত) নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়স (বছর) | সাকুল্যে বেতন | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১। | সহকারী প্রকল্প পরিচালক (গ্রেড-৯) | ০৫ | ৩০ | ৩৫,৬০০.০০/ (ঢাকা মেট্রো) ৩৩,৪০০.০০ / (সিটি কর্পো:) ৩২,৩০০.০০ (অন্যান্য জেলা) | ১. ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/২.২৫ সিজিপিএ প্রাপ্ত স্নাতকোত্তর ডিগ্রী অথবা ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/২.২৫ সিজিপিএ প্রাপ্ত চার বছর মেয়াদী স্নাতক ডিগ্রী।<br>২. এ প্রকল্পের পূর্ববর্তী পর্যায়গুলোর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে ।<br>৩. এ প্রকল্পের পূর্ববর্তী পর্যায়গুলোর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |

শর্তাবলি :

১। জনপ্রশাসন মন্ত্রণালয় নির্ধারিত ফরমে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবরে আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) এবং হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইট (www.hindutrust.gov.bd) থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

০২। আবেদনপত্র আগামী ০১.১০.২০২৩ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন **প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্প, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা-১০০০** ঠিকানায় জিইপি/রেজিস্ট্রি ডাকযোগে অবশ্যই পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৩। অটোমেটেড চালানের মাধ্যমে বর্ণিত পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা অর্থনৈতিক কোড '১৩৫০১০১১১৯২৩৭-১৪২২৩২৬' এ জমা করত: চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। আবেদনে বর্ণিত তথ্যের স্বপক্ষে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

০৫। আবেদন ফরমে বর্ণিত পরিমাপের সদ্য তোলা ০২ (দুই) কপি ছবি এবং আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫×৯.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। নির্ধারিত ফরম ব্যতীত অথবা ক্রটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৭। সনাতন ধর্মাবলম্বী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

০৮। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। আবেদনপত্র বাছাই করে শুধু যোগ্য/বৈধ প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষার জন্য আহবান করা হবে। প্রবেশপত্র প্রেরণের মাধ্যমে পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কে জানানো হবে।

১০। উল্লিখিত পদের বয়সসীমা ১১.০৯.২০২৩ খ্রি: হতে গণনা করা হবে। প্রার্থীর বয়স উক্ত তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

১১। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ সরকারি বিধিবিধান/নীতিমালা অনুসরণ করা হবে।

১৪। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

১৭। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় বিজ্ঞপ্তি পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রকল্প পরিচালক
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প

জি-১৮০৯/২৩ (৮×৩)